দৈনিক বাংলা

১৪।২।৮২



# ফায়জুল হকের সংক্ষিপ্ত জীবনী

জনাব এ কে ফয়জুল হক ১৯৪৪ সালে জন্মগ্রহণ করেন। তিনি শেরে বাংলা এ কে ফজলুল হকের একমাত্র পুত্র সন্তান। তিনি কলকাতায় প্রাথমিক শিক্ষা লাভ করেন।

জনাব ফয়জুল হক রাষ্ট্রবিজ্ঞানে সম্মানসহ স্নাতক ডিগ্রী লাভ করেন এবং একই বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এম এ পাস করেন।

শনিবার বাসসের এই খবরে প্রকাশ, তিনি এলএলবি পাস করার পর নটারডাম কলেজে শিক্ষকতা শুরু করেন।

জনাব হক পাকিস্তান আওয়ামী লীগের জাতীয় কাউন্সিলর ছিলেন এবং ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে এমএনএ নির্বাচিত হন।

তিনি ১৯৭৮ সালে জাগোদলে যোগ দেন। তিনি বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) একজন প্রতিষ্ঠাতা সদস্য।

জনাব ফয়জুল হক ১৯৭৯ সালের সাধারণ নির্বাচনে বরিশালের একটি কেন্দ্র থেকে বিএনপির মনোনীত প্রার্থী হিসাবে সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি দুটি পুলের সদস্য।

জনাব হক ১৯৮০ সালে লন্ডনে কমনওয়েলথ সংসদীয় সমিতির সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের একজন সদস্য।

জনাব হক লায়ন্স ক্লাব, সুটিং ফেডারেশন, বাংলাদেশ রেডক্রস সোসাইটি, পরিবার পরিকল্পনা সমিতি বাংলাদেশ এশিয়াটিক সোসাইটিসহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংস্থার সঙ্গে জড়িত। তিনি জাতীয় লেখক সমিতি মোহামেডান স্পোর্টিং ক্লাব ব্রাদার্স ইউনিয়ন এবং বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটির সদস্য। তিনি কমনওয়েলথ সংসদীয় সমিতির (বাংলাদেশ) একজন জীবন সদস্য।

জনাব ফয়জুল হক ইউরোপ, এশিয়া ও আফ্রিকার বহু দেশ সফর করেন।

তিনি বিবাহিত এবং চার সন্তানের জনক।